

## ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের বিবিধ জ্ঞাতব্য (مسائل متفرقة في الصلاة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১৩. আয়াত সমূহের জওয়াব (إجابة آيات القرآن)

- (১) সূরা আ'লা-তে 'সাব্বিহিম্মা রব্বিকাল আ'লা'-এর জওয়াবে 'সুবহা-না রব্বিয়াল আ'লা' (মহাপবিত্র আমার প্রতিপালক, যিনি সর্বোচ্চ)। [80]
- (২) সূরা কিয়ামাহ-এর শেষ আয়াতের জওয়াবে 'সুবহা-নাকা ফা বালা' (মহাপবিত্র আপনি! অতঃপর হাঁ, আপনিই মৃতকে জীবিত করার ক্ষমতা রাখেন)। [81]
- (৩) সূরা গাশিয়া-র শেষে 'আল্লা-হুম্মা হা-সিবনী হিসা-বাঁই ইয়াসীরা' বলে প্রার্থনা করা (অর্থ: 'হে আল্লাহ! তুমি সহজভাবে আমার হিসাব গ্রহণ কর')। [82] হাদীছে নির্দিষ্ট কোন সূরার নাম বলা হয়নি। তবে অর্থের বিবেচনায় এখানে অত্র দো'আ পাঠ করা হয়ে থাকে। অন্য আয়াতে 'হিসাব'-এর বিবরণ আসলে সেখানেও এ দো'আ পড়া যাবে।
- (৪) সূরা রহমান-য়ে 'ফাবে আইয়ে আ-লা-য়ে রাব্বিকুমা তুকাযযিবা-ন'-এর জওয়াবে 'লা বেশাইয়িম মিন নি'আমিকা রব্বানা নুকাযযিবু ফালাকাল হাম্দ' (হে আমাদের প্রতিপালক! তোমার কোন একটি নে'মতকেও আমরা অস্বীকার করি না। অতঃপর তোমার জন্যই সকল প্রশংসা)।[83]

উল্লেখ্য যে, (ক) সূরা তীন-এর শেষে 'বালা ওয়া আনা 'আলা যা-লিকা মিনাশ শা-হেদ্বীন' এবং (খ) সূরায়ে মুরসালাত-এর শেষে 'আ-মান্না বিল্লাহ' বলার হাদীছ 'যঈফ'।[84] (গ) সূরা বাক্বারাহর শেষে 'আমীন' বলার হাদীছ 'যঈফ'। [85] (ঘ) সূরা মুক্কের শেষে দো'আ পাঠের কোন ভিত্তি নেই।

মিশকাত-এর ভাষ্যকার ওবায়দুল্লাহ মুবারকপুরী (রহঃ) বলেন, ছালাতের মধ্যে হৌক বা বাইরে হৌক, পাঠকারীর জন্য উপরোক্ত আয়াত সমূহের জওয়াব দেওয়া মুস্তাহাব। যা বর্ণিত হাদীছ সমূহে উল্লেখিত হয়েছে। কিন্তু শ্রোতা বা মুক্তাদীর জন্য উপরোক্ত আয়াত সমূহের জওয়াব দেওয়ার প্রমাণে স্পষ্ট কোন মরফূ হাদীছ আমি অবগত নই। তবে আয়াত গুলিতে প্রশ্ন রয়েছে। সেকারণ জওয়াবের মুখাপেক্ষী। কাজেই পাঠকারী ও শ্রোতা উভয়ের জন্য উত্তর দেওয়া বাঞ্ছনীয়। [86] শায়খ আলবানী (রহঃ) বলেন, বক্তব্যটি মুৎলাক্ক অর্থাৎ সাধারণ ভাবে এসেছে। অতএব তা ছালাত ও ছালাতের বাইরে এবং ফরয ও নফল সব ছালাতকে শামিল করে। তিনি 'মুছান্নাফ ইবনে আবী শায়বা'র বরাতে একটি 'আছার' উদ্ধৃত করেন এই মর্মে যে, ছাহাবী আবু মূসা আশ'আরী ও মুগীরা বিন শো'বা (রাঃ) ফরয ছালাতে উক্ত জওয়াব দিতেন। ওমর ও আলী (রাঃ) সাধারণভাবে সকল অবস্থায় জওয়াব দিতেন। [87]

## ফুটনোট

[80] . আহমাদ, আবুদাঊদ হা/৮৮৩, মিশকাত হা/৮৫৯ 'ছালাতে ক্বিরাআত' অনুচ্ছেদ-১২।



- [81] . বায়হাকী, আবুদাঊদ হা/৮৮৪, 'ছালাতে দো'আ' অনুচ্ছেদ-১৫৪; হাদীছ ছহীহ।
- [82] . আহমাদ প্রভৃতি, মিশকাত হা/৫৫৬২ 'ক্রিয়ামতের অবস্থা' অধ্যায়-২৮, 'হিসাব ও মীযান' অনুচ্ছেদ-৩, হাদীছ হাসান।
- [83] . তিরমিয়ী হা/৩৫২২; মিশকাত হা/৮৬১; সিলসিলা ছহীহাহ হা/২১৫০।
- [84] . আবুদাঊদ হা/৮৮৭, মিশকাত হা/৮৬০, 'ছালাতে ক্নিরাআত' অনুচ্ছেদ-১২; হাদীছ যঈফ।
- [85] . তাফসীর ইবনে জারীর হা/৬৫8**১**, তাহকীক তাফসীর ইবনে কাছীর।
- [86] . মির'আত (বেনারস, ভারত ১৪১৫/১৯৯৫) ৩/১৭৫ পৃঃ।
- [87] . আলবানী, ছিফাতু ছালা-তিন্নবী, পৃঃ ৮৬ হাশিয়া।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9231

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন